# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

## কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/Standing-1/২০১৮/ 　　　　　　　　　　তারিখঃ ১১/০৯/২০১৮

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, ~~আগামী~~ আগামী ১৬/০৯/২০১৮ ইং তারিখ রোজ রবিবার বেলা ১২:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে ।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ-
১) বিগত সভার কার্য বিবরনী পাঠ ও বিতরন।
২) দুস্থ্য নারী ও শিশুদের স্বাভাবিক জীবন যাপন ও নিরাপত্তার ব্যবস্থা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৩) জন্ম ও মৃত্যু নিবন্ধনের বাধ্যবাধকতা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি সম্পর্কে আলোচনা।
৪) বিবিধ।

১১/০৯/২০১৮

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর -২
ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব--------------------------------

--------------------------------

সদস্য/ সদস্য-সচিব
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। সহকারী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। হিসাব রক্ষক, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৫। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায়

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ২৮/০৯/২০১৮, সকাল ঃ বেলা: ১১.০০টা

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সালেহা বেগম | সভাপতি | [signature] ২৮/০৯/২০১৮ |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | সদস্য | [signature] |
| ০৩ | জনাব রুবিয়া বেগম | সদস্য | [signature] ২৮/০৯/২০১৮ |
| ০৪ | জনাব রাবেয়া বেগম | সদস্য | [signature] ২৮/০৯/২০১৮ |
| ০৫ | জনাব নাসির উদ্দিন সরদার | সদস্য | [signature] |
| ০৬ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | সদস্য | [signature] ২৮/০৯/২০১৮ |
| ০৭ | জনাব শিরিন আক্তার | সদস্য-সচিব | [signature] ২৮/০৯/২০১৮ |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

## কোটালীপাড়া, গোপালগঞ্জ।

### নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরনী

সভাপতি : জনাব সালেহা খানম, কাউন্সিলর সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।
স্থান : কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ : ১৬/০৯/২০১৮ খ্রিঃ।
রোজ : রবিবার।
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০২ | জনাব রুবিয়াা বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৩ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৪ | জনাব নাসির উদ্দিন সরদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৫ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৬ | জনাব শিরিন আক্তার | উচ্চমান সহকারী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব সালেহা খানম, কাউন্সিলর ,সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারীবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী কার্য বিবরনী পাঠ ও অনুমোদন। | গত সভার কার্যবিবরনী পাঠ করা হলো এবং বিস্তারিত আলোচনা করা হলো। | কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। |
| ০২ | দুস্থ্য নারী ও শিশুদের স্বাভাবিক জীবন যাপন ও নিরাপত্তার ব্যবস্থা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব সালেহা খানম বলেন- আমাদের সমাজে অনেক নারী ও শিশু আছে যারা অসহায়। একটু সহযোগীতা পেলে তারা স্বাভাবিক জীবন-যাপন করতে পারে। হত দরিদ্র এলাকার মাহিলারা পরিবারে অর্থনৈতিকভাবে কোন অংশগ্রহণ করতে পারে না। শুধু মাত্র ঘরের কাজেই সময় চলে যায়। এসকল মহিলাদের আয় বর্ধক প্রশিক্ষণের আওতায় এনে প্রশিক্ষণ দিয়ে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করা যেতে পারে। ছিন্নমূল বা পথশিশুদের নির্ণয়করে সরকারী খরচে স্বাভাবিক ও নিরাপদ জীবনের ব্যবস্থা করা যেতে পারে। | দুস্থ্য নারী ও শিশুদের স্বাভাবিক জীবন যাপন ও নিরাপত্তার ব্যবস্থা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | বর্জ্য সংগ্রহ ও অপসারনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে আলোচনা। | সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর- ৩, জনাব রাবেয়া বেগম বলেন- পরিস্কার পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ। যত্র তত্র ময়লা আবর্জনা ফেলার ফলে দেখা দেয় পরিবেশ দূষণ। বায়ু বাহিত রোগ দেখা দেয় আশংকাজনক হারে। চলাচলে মারাত্মক অসুবিধা দেখা দেয়। নির্ধারিত স্থানে ময়লা আবর্জনা না ফেলার ফলে স্বাস্থ্যঝুকিও বেড়ে যায় বহুগুণে। বিধায় নির্ধারিত ডাষ্টবিনে বা স্থানে ময়লা আবর্জনা ফেলতে হবে, পৌরসভার পরিচ্ছন্নতা কর্মি ড্রেন বা নর্দমা থেকে অফিস আদালতের সম্মুখ হতেও আবর্জর অপসারণ করবে। এবং প্রতিদিনের আবর্জনা প্রতিদিন নির্দিষ্ট স্থান থেকে পৌরসভার গার্ভেজ ট্রাক সেটি নিয়ে যাবে পাশাপশি । যদি কোন করণে বিলম্ব হয় তবে পৌরসভাকে অবহিত করতে হবে। | বর্জ্য সংগ্রহ ও অবসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪ | বিবিধ | বিবিধে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর-২ ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
২। জনাব........................................ নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,
৩। ..................................................
৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।